গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, অগ্রণী ব্যাংক লিমিটেড

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮–৩০ জুন ২০১৯

সূচিপত্র

বিবরণী	পৃষ্ঠা নং

	অগ্রণী ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
	উপক্রমণিকা	৪
সেকশন ১:	রূপকল্প(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি	৫
সেকশন ২:	বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩:	কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা	৭-১১
সংযোজনী ১:	শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২:	কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৩
সংযোজনী ৩:	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা	১৪

অগ্রণী ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Agrani Bank Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ**

২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে আমানতের পরিমাণ যথাক্রমে ৪৩৯৯৮, ৪৯৪০৫ এবং ৫৩০৩৫ কোটি টাকা, ঋণ ও অগ্রিমের পরিমাণ যথাক্রমে ২৪৪৮০, ২৬৫৮৭ এবং ৩১৯১২ কোটি টাকা, ইক্যুইটির পরিমাণ যথাক্রমে ৪৪৬৮, ৩৬৫৮ এবং ৪০৮৬ কোটি টাকা, মোট সম্পদের পরিমাণ যথাক্রমে ৫৬৫৩৫, ৬২৩৫৭ এবং ৬৭৩৫৭ কোটি টাকা, ইনওয়ার্ড রেমিটেন্সের পরিমাণ যথাক্রমে ১৩২০৪, ১২০২২ এবং ১০৬০৫ কোটি টাকা, শাখা সম্প্রসারণ যথাক্রমে ৯৩০, ৯৩৫ এবং ৯৪১টি, অনলাইন শাখা যথাক্রমে ৮১৬, ৯৩৪ এবং ৯৪১টি। বিশেষভাবে উল্লেখ্য যে, ২০১২ থেকে ২০১৬ পর্যন্ত অগ্রণী ব্যাংক লিমিটেড বৈদেশিক রেমিট্যান্স আহরণে রাষ্ট্রায়ত্ব ব্যাংকগুলোর মধ্যে পরপর পাঁচবছর শীর্ষস্থান ধরে রেখেছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জ**

  - ঋণ গ্রহীতাদের ঋণ পরিশোধে অনীহা এবং মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা, রীট মামলা দায়েরের প্রবনতা ও রীট ভ্যাকেটে দীর্ঘসূত্রিতার কারণে এবং CIB Stay থাকাতে ব্যাংকের ঋণ আদায় কার্যক্রম বাধাগ্রস্থ হওয়া।
  - গ্রাহকদের নতুন নতুন চাহিদা এবং স্বল্প সময়ে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে নতুন ও সময়োপযোগী IT Software প্রচলন ও উহার ব্যবহার নিশ্চিতকরণ।
  - ব্যাংকিং সেবা বহির্ভূত জনগণকে ব্যাংকিং সেবার আওতায় আনা।
  - Basel-III অনুযায়ী ব্যাংকের মূলধন সংরক্ষণ করা।
  - শ্রেণীকৃত ঋণ সন্তোষজনক পর্যায়ে নামিয়ে আনা।
  - লোকসানী শাখা কমিয়ে আনা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

সুদবিহীন ও স্বল্পসুদবাহী আমানত ক্রমাগতভাবে বৃদ্ধি করা। অধিক পরিমান ভাল ঋণ প্রদানের পাশাপাশি নগদ আদায়ের পরিমান বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ন্যূনতম পর্যায়ে কমিয়ে আনা। ঋণ আদায় কার্যক্রম জোরদার করা। নতুন প্রডাক্ট ও সার্ভিস চালুকরণ অব্যাহত রাখা এবং বিদ্যমান প্রডাক্ট ও সার্ভিস সমূহকে সময়োপযোগী সুবিন্যস্থ করা। বিদ্যমান জনবলকে জনশক্তিতে রূপান্তর করা। মোবাইল ব্যাংকিং, এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং এজেন্ট সংখ্যা বৃদ্ধি, ATM সার্ভিসের সম্প্রসারণের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রমকে জনগনের দোরগোড়ায় পৌছে দেয়া। ব্যাংকের এমআইএস ও আইসিটি এর সক্ষমতা বৃদ্ধি সহ প্রতিনিয়ত চাহিদা মাফিক তথ্যসমূহ হালনাগাদ রাখা এবং ব্যাংকের ওয়েব সাইট নতুন আঙ্গিকে সাজানো।

- **২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

  - সুদবিহীন ও স্বল্পসুদবাহী আমানত ৫৫% এ উন্নীতকরণ।
  - শ্রেণীকৃত ঋণ হতে ৫০০ কোটি টাকা নগদ আদায় এবং অবলোপনকৃত ঋণ হতে ১০০ কোটি টাকা নগদ আদায়।
  - মূলধন পর্যাপ্ততার হার ১০% সংরক্ষণ।
  - বিদ্যমান ৯৪২ টি শাখাসহ ভবিষ্যতে খোলা হবে এমন সকল শাখায় অন-লাইনের সুযোগ ব্যাপকভাবে ব্যবহার।
  - ৮০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জন।
  - ৬৮০ কোটি টাকা কৃষি ঋণ ও ৩৫০০ কোটি টাকা এসএমই ঋণ বিতরণ।

উপক্রমণিকা (Preamble)

অগ্রণী ব্যাংক লিমিটেড এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, অগ্রণী ব্যাংক লিমিটেড

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয় এর মধ্যে ২০১৮ সালের --------------মাসের -------------- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১: রূপকল্প (Vision):

আন্তর্জাতিক মানের দক্ষতা, গুণগতমান, সুষ্ঠু ব্যবস্থাপনা, উত্তম গ্রাহক সেবা এবং স্থিতিশীল তারল্য সংরক্ষণের মধ্য দিয়ে দেশের নেতৃস্থানীয় রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক হিসেবে পরিগণিত হওয়া।

১.২: অভিলক্ষ্য (Mission) :

সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত খাত, রূপকল্প ২০২১ এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SGD), অন্যান্য কৌশলগত দলিল, সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত নীতিমালার আলোকে নৈতিকতা ও স্বচ্ছতার সাথে পেশাগত জ্ঞান ও অভিজ্ঞতার সংমিশ্রণে সর্বোচ্চ দক্ষতা অর্জনপূর্বক ব্যবসায়িক নীতি ও পদ্ধতি উন্নয়নের মাধ্যমে গ্রাহক এবং কর্মকর্তা-কর্মচারী উভয়ের কল্যাণ সাধন করা।

১.৩: কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ : অগ্রণী ব্যাংক লিমিটেড এর কৌশলগত উদ্দেশ্য সমূহ:

ক) ঋণও অগ্রীম এবং বিনিয়োগ সম্প্রসারণ করে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ।

খ) ঋণের মান উন্নয়ন ও ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা।

গ) ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন।

ঘ) ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালী করণ।

ঙ) ব্যাংকের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ।

চ) আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার।

১.৩.২ : আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ:

ক) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।

খ) দক্ষতার ও নৈতিকতার উন্নয়ন।

গ) তথ্য অধিকার ও স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

ঘ) কার্যপদ্ধতি ও সেবার মান উন্নয়ন।

ঙ) কর্ম পরিবেশ উন্নয়ন এবং

চ) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ : কার্যাবলি (Functions):

ক) সুদবিহীন ও স্বল্পসুদবাহী আমানত সংগ্রহের প্রতি গুরুত্ব আরোপ ।

খ) পরিকল্পিত ও গুণগত মান সম্পন্ন ঋণ প্রদান ও বিনিয়োগ।

গ) গ্রাহক সেবার মান উন্নয়ন।

ঘ) ব্যাংকিং সেবার আওতা বহির্ভুত জনগণকে ব্যাংকিং ও আর্থিক সেবাভুক্তির আওতায় আনয়ন।

ঙ) ডিজিটালাইজড ব্যাংকিং।

চ) নতুন ঋণ শ্রেণীকরণ রোধ ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ।

ছ) শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ নগদ আদায়।

জ) আমদানি ও রপ্তানি ব্যবসা বৃদ্ধি এবং রেমিট্যান্স সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া।

ঝ) সরকারি অগ্রাধিকারপ্রাপ্ত খাত, সরকারের রূপকল্প ২০২১, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট (SGD) বাস্তবায়নকল্পে দক্ষ ও জবাবদিহিতা মূলক ব্যাংকিং পরিচালনা।

ঞ) আর্থিক শৃঙ্খলার মান উন্নয়নের মাধ্যমে মজবুত আর্থিক ভিত্তি গঠনের লক্ষ্যে প্রশিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টি।

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচক সমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত			লক্ষ্যমাত্রা ২০১৮-১৯*	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮ (মার্চ -১৮ পর্যন্ত)		২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
[১] ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি	[১.১] গ্রাহকের সংখ্যা (ক্রমপুঞ্জিভুত)	লক্ষ	৯০	১০৭	১১৮	১২০	১২৫	১৩০	সেন্ট্রাল একাউন্টস ডিভিশন, আইটি এন্ড এমআইএস ডিভিশন ও সংশ্লিষ্ট শাখা	একাউন্টস এন্ড এমআইএস
[২] ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন	[২.১] নীট মুনাফা	কোটি টাকা	(১৪৮)	(৪২১)	*১৪৪	১৫০	১৭০	১৮০	সকল শাখা ও প্রধান কার্যালয়ের বিভাগসমূহ	ঐ
[৩] ব্যাংকের ঋণের মান উন্নয়ন	[৩.১] শ্রেণীকৃত ঋণের হার	%	১৯.৬৮%	২০%	*১৮ %	১৭%	১৬%	১৪%	আদায় বিভাগ ও সংশ্লিষ্ট শাখা	ঐ

*সাময়িক